

রুয়েটে অনির্দিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা বন্ধ

■ রাজশাহী অফিস

ক্রেডিট কমানোর দাবিতে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ক্লাস ও পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। বুধবার শিক্ষার্থীদের দ্বিতীয় আন্দোলনকে কেন্দ্র করে অ্যাকাডেমিক কাউন্সিলের জরুরি সভায় অনির্দিষ্টকালের জন্য ওই বর্ষের ক্লাস ও পরীক্ষা বন্ধের সিদ্ধান্ত নেয়া হয় বলে রুয়েট উপাচার্য অধ্যাপক রফিকুল আলম বেগ জানান।

রুয়েট উপাচার্য সাংবাদিকদের বলেন, শিক্ষার্থীরা বর্ষ উন্নয়নের জন্য ৩৩ ক্রেডিট কমানোর অর্থোজিক আন্দোলন করছে। আন্দোলনকারীরা যাতে কোনো ধরনের সহিংস পরিস্থিতি সৃষ্টি করতে না পারে সে জন্য অ্যাকাডেমিক কাউন্সিলের জরুরি সভায় তাদের ক্লাস ও পরীক্ষা বন্ধের সিদ্ধান্ত নেয়া হয়েছে। পরিস্থিতি অনুকূল হলেই

ওই বর্ষের বন্ধ ঘোষিত ক্লাস-পরীক্ষা পুনরায় শুরু করা হবে বলেও জানান তিনি। উল্লেখ্য, এর আগে মঙ্গলবার ৩৩ ক্রেডিট চালু থাকা পদ্ধতি বাতিলের দাবিতে, ২০১৩-১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা প্রশাসন ভবনে তালা লাগিয়ে বেলা ১১টা থেকে ১টা পর্যন্ত অবস্থান কর্মসূচি পালন করে। এতে উপাচার্য অধ্যাপক রফিকুল আলম বেগ নিজ কার্যালয়ে অবরুদ্ধ হয়ে পড়েন।